



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৭/৭৯৭১

তারিখ: ০৭ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ওমরগাড়ী দারুল খায়ের ফাজিল মাদরাসা, ডাকঘর: নিমপাড়া, উপজেলা: চারঘাট, জেলা: রাজশাহী-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৬.০৬.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রি. থেকে ৩০.০৬.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

- ১। অধ্যক্ষ ও উপাধ্যক্ষের শূন্যপদ পূরণ করতে হবে।
- ২। ফাজিল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং শ্রেণিকক্ষে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৩। শ্রেণিকক্ষে পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা করতে হবে।
- ৪। শ্রেণিকক্ষে মূল কিতাব/বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৫। চিঠিপত্র বিতরণে ফাইল নথিতে অনুমোদন নিতে হবে।
- ৬। মাদরাসার আয় বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ৭। অর্থ আয় ব্যয়ে গভর্নিং বডি অনুমোদন সাপেক্ষে নিয়মিত ক্যাশ বই হালনাগাদ রাখতে হবে।
- ৮। মাদরাসার সাইবোর্ডে আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
- ৯। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


21.01.2020

(ড. জাভেদ আহমাদ)
সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬


অধ্যক্ষ
ওমরগাড়ী দারুল খায়ের ফাজিল মাদরাসা
ডাকঘর: নিমপাড়া, উপজেলা: চারঘাট, জেলা: রাজশাহী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৭/ ৭৯৭১

তারিখ: ০৭ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, ওমরগাড়ী দারুল খায়ের ফাজিল মাদরাসা, ডাকঘর: নিমপাড়া, উপজেলা: চারঘাট, জেলা: রাজশাহী।
- ৭। অফিস নথি।


21.01.2020

(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সেকশন অফিসার
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৬৩৩-১৩৮২৭৩

অধি/নবায়ন/ফাইল নং- রাজশাহী-১০৫